চির নিদ্রায় শায়িত আবরার

ছাত্রলীগ নেতাকর্মীদের নির্যাতনে নিহত বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদকে দাফন করা হয়েছে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের রায়ডাঙ্গা গ্রামের কবরস্থানে।
মঙ্গলবার বেলা পৌনে ১১টায় নিজ বাসার সামনে আবরারের তৃতীয় জানাজা শেষে স্থানীয় রায়ডাঙ্গা কবরস্থানে তাকে দাফন করা হয়।

কুষ্টিয়ার আফসার উদ্দিন গার্লস ফাজিল মাদরাসার ভাইস প্রিন্সিপাল রেজাউল করিম এই জানাজা পড়ান। এতে সহস্রাধিক মানুষ অংশ নেন।

এদিকে মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদের মরদেহ নিজ গ্রামে পৌঁছালে তা নিয়ে বিক্ষোভ করে এলাকার হাজার হাজার মানুষ। এ সময় তারা হত্যাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিভিন্ন স্লোগান দেয়। শত শত মানুষ প্ল্যাকার্ড হাতে নিয়ে হত্যাকরীদের ফাঁসির দাবি জানায়।

এর আগে মঙ্গলবার ভোর সাড়ে ৫টার দিকে নিহত আবরার ফাহাদের বাবা বরকত উল্লাহ, ছোট ভাই আবরার ফাইয়াজসহ স্বজনরা ঢাকা থেকে অ্যাম্বুলেন্সযোগে আবরার ফাহাদের মরদেহ কুষ্টিয়া শহরের পিটিআই রোডের নিজ বাড়িতে নিয়ে আসেন। এ সময় সেখানে এক হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা হয়। স্বজনদের কান্নায় সেখানকার বাতাস ভারী হয়ে ওঠে।

আবরারকে একনজর দেখার জন্য সেখানে আগে থেকে ভিড় জমান শত শত মানুষ। এ সময় আবরারের মরদেহ দেখে উপস্থিত কেউই চোখের পানি ধরে রাখতে পারেনি।

সকাল সাড়ে ৬টার দিকে আল-ইকরা জামে মসজিদের সামনে আবরার ফাহাদের দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। শত শত মানুষ এই জানাযায় অংশ নেয়। পরে সকাল সাড়ে ৮টার দিকে মরদেহ নেয়া হয় তার গ্রামের বাড়ি কুমারখালী উপজেলার রায়ডাঙ্গা গ্রামে। সকাল ৯ টার দিকে আবরারের মরদেহ তার নিজ গ্রাম কুমারখালী উপজেলার রায়ডাঙ্গা গ্রামে পৌঁছায়। সেখানে সকাল ১০টায় তার তৃতীয় জানাজা অনুষ্ঠিত হয়।

জানাজা শেষ হওয়া মাত্রই বিক্ষুদ্ধ এলাকাবাসী রাস্তায় নেমে হাতে প্ল্যাকার্ড নিয়ে বিক্ষোভ করে। তারা আবরার হত্যাকারীদের গ্রেফতারসহ ফাঁসির দাবি জানায়। পরে বেলা পৌনে ১১টার দিকে

রায়ডাঙ্গা গোরস্থানে আবরার ফাহাদকে সমাহিত করা হয়।

উল্লেখ্য, রোববার (৬ অক্টোবর) দিবাগত মধ্যরাতে বুয়েটের সাধারণ ছাত্র ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবরারকে শেরেবাংলা হলের দ্বিতীয় তলা থেকে অচেতন অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে যান। সোমবার সকাল সাড়ে ৬টার দিকে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
কুষ্টিয়া প্রতিনিধি

ইউজিসির ‘পোস্ট ডক্টোরাল ফেলোশিপ’র জন্য মনোনীত হয়েছেন ড. ইয়াসমিন আরা সাথী

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃক ‘পোস্ট ডক্টোরাল ফেলোশিপ’-২০১৯ এর জন্য মনোনীত হয়েছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. ইয়াসমিন আরা সাথী। সোমবার সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

ইবির বাংলা বিভাগের সভাপতি অধ্যাপক ড. মোহাঃ সাইদুর রহমানের তত্ত্বাবধায়নে তাঁর গবেষণার শিরোনাম ‘কবিগান: সমাজ পরিপ্রেক্ষিত ও রূপবৈচিত্র’। সূত্র মতে, গতকাল রোববার ইউজিসি’র নিজস্ব ওয়েবসাইটে ‘পোস্ট ডক্টোরাল ফেলোশিপ’- ২০১৯ এর জন্য মনোনীত প্রার্থীদের নাম, গবেষণার শিরোনাম ও গবেষণা তত্ত্বাবধায়কের নাম প্রকাশ করা হয়।

উল্লেখ্য, ড. ইয়াসমিন আরা সাথী বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষার্থী ও অধ্যাপক। তিনি ইসলামী বিশ্ববিদ্যায়ের বাংলা বিভাগ থেকে ¯স্নাতক এবং ¯স্নাতকোত্তর (প্রথম শ্রেণিতে প্রথম স্থানসহ) পাশ করে ২০১০ সাথে একই বিশ্ববিদ্যালয়ের একই বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি বিভাগটিতে সহযোগী অধ্যাপক পদে কর্মরত রয়েছেন। ড. সাথী ২০১৬ সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। এতে তাঁর গবেষণার বিষয় ছিলো ‘সমরেশ

বসুর উপন্যাসে মধ্যবিত্ত জীবন’। তিনি ১৯৮২ সালের ২৭ নভেম্বর মেহেরপুর জেলায় জন্ম গ্রহণ করেন।তিনি হাজী মোঃ রফিকুল ইসলাম ও মনোয়ারা বেগমের প্রথম কন্যা।

ফেলোশীপ ডক্টোরাল ডিগ্রীর জন্য নির্বাচিত হওয়ার বিষয়ে ড.ইয়াসমিন আরা সাথী মেহেরপুর প্রতিদিনকে মোবাইল ফোনে বলেন, ‘আমার এ অর্জন একক কোনো কৃতিত্ব নয়। বিশ্ব বিদ্যালয়ের সব শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের ভালোবাসা এবং সহকর্মীদের সহযোগিতায় আমি এ সাফল্য অর্জন করেছি।

– ইবি প্রতিনিধি

গাংনীর বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ম্যানিজিং কমিটির নির্বাচন বাতিল চেয়ে রিট

মেহেরপুরের গাংনীর বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদ নির্বাচনে নানা অনিয়মের অভিযোগে পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে। সম্প্রতি একটি হাইকোর্ট বেঞ্চে অপরটি মেহেরপুর দেওয়ানী আদালতে মামলা দুটি দায়ের করা হয়। একটি মামলায় আদেশ দিলেও অন্য একটি মামলায় শুনানীর জন্য অপেক্ষমান রয়েছে।

বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি মশিউর রহমান হাসান জানান, নানা অনিয়মের অভিযোগে তিনি মেহেরপুর দেওয়ানী আদালতে একটি মামলা দায়ের েকেছন যার নং ৩৮/১৯। মামলাটি আমলে নিয়ে কারণ দর্শানোর ও তদন্তের নির্দেশ দিয়েছে আদালত।

তিনি বলেন, নিয়মনীতিকে তোয়াক্কা না করেই বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদ নির্বাচনে অবৈধ ভাবে ভোটার তালিকা করে নির্বাচন করে। মেহেরপুর দেওয়ানী ৩৮/১৯ নং মামলা সূত্রে ও বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি মশিউর রহমান হাসান জানান, তিনি গত ২৮/০২/২০০২ সালে ৭৫ হাজার টাকা

চাঁদা প্রদান করে আজীবন দাতা সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছি।

ইতোপূর্বে অভিভাবক সদস্য ও পরপর ৩ বার সভাপতির দায়িত্ব পালন করি। কিন্তু বিধি মালা লঙ্ঘন করে তৎকালিন দাতার সদস্য প্রয়াত আকবর আলীর নাতিন ছেলে গিয়াস উদ্দীনকে দাতা সদস্য করে। সাবেক দাতা সদস্য’র কোন উত্তরসূরি টাকা জমা না দিলে দাতা সদস্য হতে পারবেনা এমন নিয়ম থাকলেও প্রধান শিক্ষক গোপনে সেই নিয়মকে ভঙ্গ করে গিয়াস উদ্দীনকে দাতা সদস্য করেছে।

প্রধান শিক্ষক মো: মনিরুল ইসলাম খসড়া ভোটার তালিক প্রনয়ন করিবার সময় বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানিজিং কমিটি প্রবিধান মালা ২০০৯ অনুসরণ না করে ষড়যন্ত্রেও মাধ্যমে মনগড়া ও নিজ পছন্দের ব্যক্তিকে ভোটার হিসেবে অন্তভুক্ত করিয়া এবং অপছন্দের ব্যক্তি ভোটার হিসেবে অন্তভুক্ত না করিয়া ভোটার তালিকা প্রনয়ন করে। এ অবৈধ কাজের প্রতিবাদ করলে প্রধান শিক্ষক ক্ষিপ্ত হয়ে মশিউর রহমান হাসানকে আজীবন দাতা সদস্য না করেই ভোটার তালিকা থেকে বাদ দিয়ে ভোটার তালিকা প্রনয়ন করেন। এছাড়া বিদ্যালয় পরিচালনা পর্ষদের মেয়াদ উর্ত্তীণের ৮০ দিন পুর্বে সকল শ্রেনীর সদস্য পদের জন্য পূথক পূথক খসড়া ভোটার তালিক প্রনয়নের বিধান থাকলেও তা করেনি প্রধান শিক্ষক মনিরুল ইসলাম। অপরদিকে বিদ্যালয় অধ্যয়নরত সকল শিক্ষার্থীর অভিভাবককে ভোটার তালিকায় অন্তভুক্ত করার বিধান থাকলেও প্রধান শিক্ষক মনিরুল ইসলাম তা করেনি। এমনকি নোটিশ বোর্ডের ভোটার তালিকা টাঙ্গানো হয়নী।

মামলার আরজিতে আরো বলা হয়েছে,প্রধান শিক্ষক মনিরুল ইসলাম তার পছন্দের ব্যক্তিকে ম্যানিজিং কমিটির সদস্য করার জন্য পরিকল্পিত ভাবে ৬ষ্ট শ্রেনী থেকে ১০ম শ্রেনী পর্যন্ত ৬৩ জন ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকের নাম ভোটার তালিকায় ভুলভাবে লিপিবদ্ধ করেছে। এছাড়া ২ নং বিবাদী গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার খেয়াল খুশিমত ঈদুল আজহার ছুটিতে দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকায় গত ৮ আগষ্ট তফশিলের বিজ্ঞপ্তি প্রকাশ করে।

তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র উত্তোলন ও জমা ৯,১০ ও ১১ আগষ্ট। বাছাই ১৪ আগষ্ট ও প্রত্যাহার ১৬ আগষ্ট ভোট গ্রহন ২৯ আগষ্ট। অপরদিকে ভুয়া ভোটারদের দিয়ে নির্বাচন কার অভিযোগে নির্বাচন বাতিল চেয়ে হাইকোর্টে একটি রিট করেছেন জামিরুল ইসলাম নামের এক অভিভাবক সদস্য। রিট নং ৯৯৬৫/২০১৯। রিটটি শুনানীর জন্য অফেক্ষমান

রয়েছে। ১ নং বিবাদী প্রধান শিক্ষক মো: মনিরুল ইসলামের মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরে ক্ষুদে ক্রিকেটার বাঁছাইয়ের লক্ষে কার্যক্রম শুরু

দেশব্যাপী ক্ষুদে ক্রিকেটার বাছাইয়ের লক্ষে ট্যালেন্ট হান্ট কার্যক্রম ১ম পর্ব মেহেরপুরে বাস্তবায়নের জন্য জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের সাথে সৌজন্যে সাক্ষাৎ করেছেন জেলা ট্যালেন্ট হান্ট কার্যক্রমের ভলেন্টিয়ারা।

আজ সোমবার বিকালে পৃথক ভাবে জেলা প্রশাসক মো: আতাউল গনি ও জেলা শিক্ষা অফিসার শাহিন আক্তারের সাথে সাক্ষাৎ করেন ভলেন্টেয়িাররা। এসময় জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের নিকট ট্যালেন্ট হান্ট কার্যক্রমের জার্সি হস্তানর করেন প্রতিনিধি দল।

ট্যলেন্ট হান্ট কার্যক্রমের আঞ্চলিক প্রতিনিধি এসএম মুজাহিদ আল মুন্নার নেতৃত্বে অন্যদের মধ্যে জেলা ভলেন্টিয়ার আতিক স্বপন, ভলেন্টিয়ার এজেডএম তৌহিদুল আজম, শাব্বির হোসেন শিশির, আব্দুল মান্নাফ, মেহেদী হাসান শিমুল উপস্থিত ছিলেন।

জাতীয় ক্রীড়া পরিষদ ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড এ কার্যক্রম বাস্তবায়ন করছে।

মেহেরপুরের গাংনীতে ৭ দফা দাবীতে প্রাথমিক শিক্ষক সমিতির মানববন্ধন

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ঘোষিত সহকারি শিক্ষকদের ১১তম ও প্রধান শিক্ষকদের ১০ম গ্রেড প্রদানসহ ৭ দফা দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ৩ টার সময় মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধন করেন গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গাংনী উপজেলা শাখার সভাপতি পারভেজ সাজ্জাদ রাজার সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি হাফিজুর রহমান বকুল, উপজেলা শাখার সাধারণ সম্পাদক মোঃ আমানুল্লাহ। শিক্ষক নেতা মাজহারুল ইসলাম, গোলাম ফারুকসহ অন্যান্যরা।

গাংনী উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দরা মানববন্ধনে উপস্থিত ছিলেন। পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মেপ্র/নিজস্ব প্রতিনিধি

দেশে মাথাপিছু আয় মাসে ৩৯৪০ টাকা

দেশের একজন ব্যক্তি প্রতি মাসে গড়ে ৩ হাজার ৯৪০ টাকা আয় করেন। আর প্রতি পরিবারের মাসিক গড় আয় ১৫ হাজার ৯৮৮ টাকা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) ২০১৬ সালের খানা আয় ও ব্যয় জরিপের চূড়ান্ত ফলাফলে এই চিত্র ওঠে এসেছে।

আগের ছয় বছরের ব্যবধানে মাসিক মাথাপিছু আয় ও পরিবারের আয়—দুই ক্ষেত্রেই বেড়েছে। ২০১০ সালে এ দেশের একজনের প্রতি মাসে আয় ছিল ২ হাজার ৫৫৩ টাকা। ছয় বছরের ব্যবধানে ব্যক্তির গড় আয় বেড়েছে ৫৪ শতাংশ। আর পরিবারের আয় বেড়েছে ৪ হাজার ৫০০ টাকা। তবে এই আয় কোনো ব্যক্তি বা পরিবারের একক আয় নয়। সব মানুষ ও পরিবারের আয়কে মানুষ ও পরিবারপ্রতি ভাগ করে দেওয়া হয়েছে।

গতকাল সোমবার বিবিএস এক সংবাদ সম্মেলনের মাধ্যমে খানা আয় ও ব্যয় জরিপ ২০১৬–এর চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করেছে। সংবাদ সম্মেলনে প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরেন বিবিএসের মহাপরিচালক কৃষ্ণা গায়েন। এই সময় আরও উপস্থিত ছিলেন বিবিএসের জাতীয় হিসাব শাখার পরিচালক জিয়া উদ্দীন আহমেদ, খানা আয় ও ব্যয় জরিপ প্রকল্পের পরিচালক দিপংকর রায়।

জরিপের চূড়ান্ত ফলাফল অনুযায়ী, ২০১৬ সালে এ দেশের দারিদ্র্যের হার ছিল ২৪ দশমিক ৩ শতাংশ। এর ফলাফলের ওপর ভিত্তি করে বিবিএস প্রক্ষেপণ করেছে যে ২০১৮ সাল নাগাদ দারিদ্র্যের হার ২১ দশমিক ৮ শতাংশে নেমে এসেছে। অন্যদিকে হতদারিদ্র্যের হার ২০১৬ সালে নেমে এসেছে ১২ দশমিক ৯ শতাংশে। ২০১৮ সালে তা আরও কমে ১১ দশমিক ৩ শতাংশ হয়েছে। ২০১৬ সালের পর বিবিএস আর কোনো খানা আয় ও ব্যয় জরিপ করেনি।

এই বিষয়ে কৃষ্ণা গায়েন বলেন, এর আগে প্রাথমিক ফলাফল দেওয়া হয়েছিল। এখন চূড়ান্ত ফলাফল দেওয়া হলো। প্রাথমিক ফলাফলের সঙ্গে চূড়ান্ত ফলাফলের খুব বেশি পার্থক্য নেই।

এবার আসি, এ দেশের মানুষ আয়ের কত অংশ কোথায় খরচ করেন। একটি পরিবার প্রতি মাসে ভোগ ব্যয়ে খরচ করে ১৫ হাজার ৪২০ টাকা। সার্বিকভাবে বাংলাদেশের মানুষ এখন যত আয় করেন, তার অর্ধেকের বেশি খাদ্যবহির্ভূত পণ্য কিনতে খরচ করে থাকেন।

ব্যাংকে ঢুকছে প্রযুক্তি

কয়েক দশক ধরে মানুষের জীবন ও অর্থনীতিতে ডিজিটাল সেবা ব্যাপক প্রভাব বিস্তার করেছে। হাতের মুঠোয় থাকা ডিভাইসে একটা ছোট্ট ক্লিক করে পেয়ে যাচ্ছি নানা ধরনের সেবা। বড় বড় ব্যবসাপ্রতিষ্ঠান উঠে আসছে, আবার এদের প্রতিযোগীও তৈরি হচ্ছে।

তবে একটা খাত কিন্তু এখনো নিজের আমলাতান্ত্রিক ঐতিহ্য ধরে রেখেছে। বলছি ব্যাংকিং খাতের কথা। এখনো ধনী দেশেও নাগরিকেরা ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থাকা, চেক দিয়ে লেনদেন করা, এক টেবিল থেকে আরেক টেবিলে স্বাক্ষরের জন্য ফাইল যাওয়া—ব্যাংকের এমন ধারায় অভ্যস্ত।

দ্য ইকোনমিস্টের এক প্রতিবেদনে বলা হচ্ছে, অবশেষে ব্যাংক খাতকেও প্রযুক্তি নাড়া দিতে পারছে। এশিয়াতে প্রায় এক বিলিয়ন মানুষ লেনদেনে অ্যাপস ব্যবহার করছেন। পশ্চিমা বিশ্বে তো মোবাইল ব্যাংকিং ব্যাপক প্রভাব বিস্তার করেছে। ৪৯ শতাংশ মার্কিন নাগরিকের ফোনই যেন এক একটা ব্যাংক। এই প্রযুক্তিতে আরও নতুন নতুন বিষয় যোগ করছে টেক জায়ান্ট কোম্পানিগুলো। চলতি বছরের ২৫ মার্চ নিজস্ব ক্রেডিট কার্ড এনেছে প্রযুক্তি জায়ান্ট মার্কিন প্রতিষ্ঠান অ্যাপল। ক্রেডিট কার্ড বানাতে গোল্ডম্যান স্যাকসের সঙ্গে অংশীদারত্ব করেছে তারা। অন্যদিকে, বিভিন্ন ধরনের টিকিট কিনতে ও বিল সেবা দিতে পেমেন্ট সার্ভিস চালু করার প্রস্তাব এনেছে ফেসবুক।

আসলে ব্যাংকের জন্য প্রযুক্তির এই ছোঁয়ার গুরুত্ব ব্যাপক, কারণ ব্যাংক কোনো সাধারণ প্রতিষ্ঠান নয়। সারা বিশ্বে ব্যাংকে মোট সম্পত্তির পরিমাণ ১০০ ট্রিলিয়ন ডলার। ব্যাংক খাতের সংকট অর্থনীতিতেও সংকট তৈরি করে। ২০০৮-০৯ সালে বৈশ্বিক অর্থনৈতিক মন্দায় সময় যা বেশ ভালোভাবেই বুঝেছে বিশ্ব। আসলে ব্যাংক–সংশ্লিষ্ট ব্যক্তিরা ও রাজনীতিবিদেরা সব সময়ই প্রযুক্তিগত পরিবর্তন থেকে ব্যাংককে দূরে রাখতে চেয়েছেন। তবে এটা ঠিক নয়। এতে প্রযুক্তির কারণে আর্থিক ব্যবস্থার উন্মুক্ততা সহজেই ঝুঁকি অতিক্রম করতে পারে।

আসলে স্মার্টফোনের যুগে ব্যাংক বেশ ধীরেই প্রবেশ করেছে। নিয়ন্ত্রক সংস্থা বিধিনিষেধের কারণেই তা সম্ভব হয়নি। তবে ‘দেরি

হওয়া’ ‘একেবারে না হওয়ার’ চেয়ে ভালো। নতুন নতুন ব্যবসায়িক মডেল তৈরি হচ্ছে। এশিয়াতে ই-কমার্সের সঙ্গে পেমেন্ট অ্যাপস যুক্ত হয়েছে। আলিবাবা টেনসেন্টের মতো কোম্পানিগুলো দক্ষিণ–পূর্ব এশিয়ার বাজারকে দখল করে নিচ্ছে। এই নেটওয়ার্কগুলো ব্যাংকের সঙ্গে যুক্ত, তবে গ্রাহকের সঙ্গে বেশি সম্পর্ক রাখার চেষ্টা করে তারা।

সির সঙ্গে জুনে সাক্ষাৎ করবেন ট্রাম্প

চীনা প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে আগামী মাসে সাক্ষাৎ করবেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গতকাল সোমবার ট্রাম্প নিজেই এ কথা জানিয়েছেন। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে এই তথ্য জানানো হয়।

দুই দেশের বাণিজ্যযুদ্ধ জোরদার হওয়ার মধ্যে ট্রাম্পের কাছ থেকে এই ঘোষণা এল।

চার দিন আগে চীনা পণ্য আমদানিতে শুল্ক বাড়িয়ে দেয় যুক্তরাষ্ট্র। পাল্টা জবাবে চীনও সমপরিমাণ মার্কিন পণ্যের ওপর দ্বিগুণ হারে শুল্ক আরোপের ঘোষণা দেয়।

গত শুক্রবারে প্রায় ২০ হাজার কোটি ডলার সমমূল্যের চীনা পণ্যে শুল্কের হার দ্বিগুণ করে যুক্তরাষ্ট্র। জবাবে চীন বলেছে, ১ জুন থেকে তারা যুক্তরাষ্ট্র থেকে আমদানি হওয়া প্রায় ৬ হাজার কোটি ডলার পণ্যে শুল্ক হার বাড়াবে।

গত মাসের শেষ থেকে চীন-যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য উত্তেজনা ফের বাড়ে। যার নেতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে বিশ্ব অর্থনীতিতে।

গতকাল বিশ্ব পুঁজিবাজারে দর কমে প্রায় ১ দশমিক ৯ শতাংশ। গত পাঁচ মাসের মধ্যে এটাই সবচেয়ে বড় দরপতন।

গত ডিসেম্বরের পর থেকে এই প্রথম গতকাল চীনের মুদ্রা ইউয়ানের দর সর্বনিম্ন অবস্থানে চলে আসে। তেলের বাজারেও দেখা যায় অস্থিরতা।

চীনের পাল্টা পদক্ষেপের বিষয়ে তাৎক্ষণিক মন্তব্য করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প। এক টুইটবার্তায় তিনি বলেন, চীনের এমন প্রতিহিংসাপরায়ণ হওয়া উচিত হবে না। এতে পরিস্থিতি আরও খারাপের দিকে যাবে।

ট্রাম্প বলেন, বহু বছর ধরে যুক্তরাষ্ট্রের কাছ থেকে নানা সুবিধা নিয়েছে চীন। শুল্কের হার বাড়ানোর পর চীনা পণ্যগুলো না নিয়ে অন্য উৎস থেকে তা কেনার জন্য মার্কিন ভোক্তাদের আহ্বান জানান তিনি।

মার্কিন বাণিজ্য প্রতিনিধির অফিস জানিয়েছে, চীন থেকে আমদানি করা আরও ৩০ হাজার কোটি ডলার পণ্যের ওপর ২৫ শতাংশ হারে শুল্ক আরোপের বিষয়ে আগামী মাসে একটি গণশুনানি করার পরিকল্পনা করছে তারা। এবার মোবাইল ফোন ও ল্যাপটপ শুল্কের আওতায় আনা হবে। তবে ওষুধ বাদ দেওয়া হতে পারে।

গতকাল হোয়াইট হাউসে ট্রাম্প বলেন, আগামী জুনে জি-২০ সম্মেলনে চীনা প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি।

ট্রাম্প বলেন, ‘সাক্ষাতে হয়তো কিছু একটা হবে। আমরা সাক্ষাৎ করতে যাচ্ছি। আপনারা জানেন, জুনে জাপানে জি-২০ সম্মেলন আছে। সেখানে দেখা হবে। একটা ফলপ্রসূ বৈঠক হবে বলে আমি মনে করি।’

ট্রাম্প প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর থেকেই দাবি করে আসছেন, চীনের সঙ্গে তাঁর দেশের যে বাণিজ্য ঘাটতি, সে জন্য চীনই দায়ী। এ ছাড়া যুক্তরাষ্ট্রের ফার্মগুলো থেকে চীনের প্রতিষ্ঠানগুলো বুদ্ধিবৃত্তি সম্পদ চুরি করছে বলেও অভিযোগ তাঁর। এসব অভিযোগের ভিত্তিতে চীন থেকে আমদানি করা পণ্যের ওপর শুল্ক আরোপ করেন তিনি। পরে চীনও পাল্টা শুল্ক আরোপ করে। পরে আলোচনার জন্য কিছুটা সময় নেয় দুই দেশ। তবে সম্প্রতি ট্রাম্প চীনের বিরুদ্ধে প্রতিশ্রুতি ভঙ্গের অভিযোগ এনে আবার শুল্ক আরোপের ঘোষণা দেন। চীনের দিক থেকেও পাল্টা জবাব আসে।

সাড়ে ৪ বছর পর দিল্লির পথে বিমান

লোকসানের কারণে সাড়ে চার বছর বন্ধ থাকার পর আবারও চালু হলো ঢাকা-দিল্লি-ঢাকা রুটে বিমানের সরাসরি ফ্লাইট। আজ সোমবার বিকেল সোয়া তিনটায় ১৫২ জন যাত্রী নিয়ে ফ্লাইটটি হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দিল্লির উদ্দেশে রওনা দেয়। বিমান কর্তৃপক্ষের আশা, এবার এই রুটে প্রচুর যাত্রী পাওয়া যাবে। তাই ঢাকা-দিল্লি রুটটি লাভজনক হবে।

দুপুরে ফ্লাইটের উদ্বোধন করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী। হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, ‘বিমান বহরে কিছুদিনের মধ্যে দুটি ৭৮৭ ড্রিমলাইনার এবং ২০২০ সালে তিনটি ড্যাশ উড়োজাহাজ আসছে। যে গন্তব্যগুলোয় আমরা নির্দিষ্ট সময়ে পৌঁছাতে পাবর, যাত্রী সেবার মান নিবিড় পর্যবেক্ষণ করছি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া রাষ্ট্রীয় পতাকাবাহী সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইনসকে লাভজনক হিসেবে প্রতিষ্ঠিত করে তোলার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ আমরা নেব।’

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ভারতের উপ হাইকমিশনার বিশ্বদীপ দে, বিমান পরিচালনা পর্যদের চেয়ারম্যান এয়ার মার্শাল (অব) মোহাম্মদ ইনামুল বারী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মহিবুল হক, অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) মো. মোকাব্বির হোসেন, সিভিল অ্যাভিয়েশন কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল এম নাইম হাসান, বিমানের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিইও ক্যাপ্টেন ফারহাত হাসান জামিল।

বেশ কিছু উড়োজাহাজ বিমান বহরে আসায় নতুন গন্তব্যে বিমান ফ্লাইট পরিচালনা করছে বলে জানান বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মহিবুল হক। তিনি বলেন, জেট এয়ারওয়েজ ঢাকা-দিল্লি রুটে সরাসরি ফ্লাইট পরিচালনা বন্ধ করেছে। আশা করা যায়, এই রুটে প্রচুর যাত্রী পাওয়া যাবে এবং এটি লাভজনক রুট হবে।

বিমানের মুখপাত্র ও মহাব্যবস্থাপক (জনসংযোগ) শাকিল মেরাজ জানান, প্রাথমিকভাবে সপ্তাহে তিন দিন যথাক্রমে সোমবার, বৃহস্পতিবার ও শনিবার ১৬২ আসনের বোয়িং ৭৩৭-৮০০ উড়োজাহাজ দিয়ে এই রুটে সরাসরি ফ্লাইট পরিচালনা করবে জাতীয় পতাকাবাহী সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইনস। উদ্বোধনীয় ফ্লাইটে ১৫২ জন যাত্রী নিয়ে বিকেল তিনটার দিকে ঢাকা ছাড়ে বিমানের বোয়িং ৭৩৭। দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবে স্থানীয় সময় বিকেল পাঁচটা ২০ মিনিটে। আবার দিল্লির স্থানীয় সময় সন্ধ্যা ছয়টা ২০ মিনিটে ফিরতি ফ্লাইটটি ছেড়ে ঢাকায় পৌঁছাবে রাত নয়টা ২০ মিনিটে।

দিল্লি ফ্লাইটের উদ্বোধন উপলক্ষে টিকিটের ওপর ১৫ শতাংশ উদ্বোধনী ছাড় ঘোষণা করছে বিমান। আগামী ৩০ মের মধ্যে যাঁরা টিকিট কিনবেন, তাঁরা এই ছাড় পাবেন। এ ছাড়া ঢাকা-দিল্লি গন্তব্যে ফিরতি টিকিট এক মাস মেয়াদে ইকোনমি ক্লাসের ক্ষেত্রে কর ছাড়া সর্বনিম্ন ৩০০ মার্কিন ডলার এবং এক বছর মেয়াদি টিকিটের ক্ষেত্রে কর ছাড়া সর্বনিম্ন ৩২০ ডলার ভাড়া নির্ধারণ করা হয়েছে।

গত শতকের আশির দশক থেকে বিমানের দিল্লি ফ্লাইট ছিল। লোকসানের কথা বলে ২০১৪ সালের ২৩ আগস্ট এই গন্তব্যটি বন্ধ করে বিমান। এরপর ভারতের জেট এয়ারওয়েজ অনেকটা একচেটিয়া ঢাকা-দিল্লি ফ্লাইট পরিচালনা করে আসছিল। সম্প্রতি জেট এয়ারওয়েজ বন্ধ হয়ে যায়। বেসামরিক বিমান পরিবহন মন্ত্রণালয়ের প্রচেষ্টায় বিমান আবার দিল্লি ফ্লাইট চালুর উদ্যোগ নেয়। এখন আর কোনো বিমান সংস্থা ঢাকা-দিল্লি সরাসরি ফ্লাইট পরিচালনা করছে না।

পবিত্র রমজানে সুবিধাবঞ্চিত মানুষের পাশে ফ্রেশ

আমাদের জীবনে পবিত্র মাহে রমজান আসে সংযম ও সহমর্মিতার বার্তা নিয়ে। সবাইকে নিয়ে ভালো থাকার মাঝে রমজানের প্রকৃত মহিমা। দিনব্যাপী পানাহার থেকে বিরত থাকার পর আমাদের প্রতিদিনের ইফতারে থাকে নানা ধরনের সুস্বাদু খাবারের আয়োজন, ঘরে ঘরে, হোটেলে বা

রেস্তোরাঁয় চলে ইফতার পার্টি। অথচ খোঁজ নিয়ে দেখি আমাদের খুব কাছাকাছি থাকা সুবিধাবঞ্চিত মানুষগুলো প্রতিদিন ইফতারে কী খাচ্ছে? আমাদের মধ্যে বেশির ভাগই হয়তো খোঁজ রাখি না আমাদের ঘরে কাজ করা মেয়েটা অথবা নিত্যদিনের বাজার বয়ে দিয়ে যাওয়া ছেলেটা সারা দিন বাদে ইফতারে কী খাচ্ছে, সারা দিন সংযমের পর এক গ্লাস পানি আর সামান্য কিছু খাবার হয়তো এই মানুষগুলোর কাছে মহার্ঘ্য।